দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 2 .. 1999 ... ...
পৃঃ ১৬ কলাম ৪

# কৃষি ভার্সিটির ৩৯ কোটি টাকার বাজেট

কৃষি বিশ্ববিদ্যালয় হইতে সংবাদদাতা ॥ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স কমিটির অধিবেশনে গত মঙ্গলবার ১৯৯৯-২০০০ অর্থ বছরের ৩৮ কোটি ৮৫ লক্ষ টাকার বাজেট অনুমোদনের জন্য সিন্ডিকেটের কাছে সুপারিশ করা হইয়াছে।

উপাচার্য ডঃ মোহাম্মদ হোসেনের সভাপতিত্বে ফিন্যান্স কমিটির অধিবেশনে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ও ফিন্যান্স কমিটির সচিব মোঃ ইদ্রিস আলী ১৯৯৯-২০০০ সালের মূল এবং ১৯৯৮-৯৯ অর্থ বছরের সংশোধিত বাজেট পেশ করেন। এই বাজেটে ৫০ লাখ টাকার ঘাটতি দেখানো হইয়াছে। মূল বরাদ্দের মধ্যে ৩০ কোটি টাকা বেতন-ভাতাদি, পেনশন ও আনুষঙ্গিক খাতে এবং ৩ কোটি ১০ লক্ষ টাকা শিক্ষা খাতে ধার্য করা হইয়াছে। এই বাজেটে ২ কোটি টাকা বিশ্ববিদ্যালয়ের নিজস্ব উৎস হইতে এবং বাকী টাকা সরকারী অনুদান হিসাবে পাওয়া যাইবে বলিয়া উল্লেখ করা হইয়াছে।